গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাংলাদেশ পাবলিক প্রকিউরমেন্ট অথরিটি (বিপিপিএ)
বিপিপিএ ভবন, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭
www.bppa.gov.bd

নং:-২১.০০.০০০০.০০০.৩৬৩.২২.০০৩০.২৪-৬৮

তারিখ: ৩০ কার্তিক ১৪৩৩ বঙ্গাব্দ / ১৫ নভেম্বর ২০২৬ খ্রিষ্টাব্দ

পরিপত্র

বিষয়: দরপত্র মূল্যায়নে বারিত (Debarred) দরপত্রদাতাদের তথ্য যাচাইকরণ ও মূল্যায়ন প্রতিবেদনে তথ্য উল্লেখকরণ।

সরকারি ক্রয়ের জন্য আহবানকৃত দরপত্রে অংশগ্রহণের ক্ষেত্রে অন্যতম আবশ্যকীয় শর্ত হলো দরপত্রদাতার আইনি যোগ্যতা বিদ্যমান থাকা। কোনো দরপত্রদাতা পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ (পিপিএ, ২০০৬)-এর ধারা ৬৪ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০২৫ (পিপিআর, ২০২৫)-এর বিধি ১৪৯ অনুযায়ী অফলাইন বা ই-জিপি সিস্টেমে বারিত (debarred) হলে উক্ত দরপত্রদাতার সরকারি দরপত্রে অংশগ্রহণের বা চুক্তি প্রাপ্তির কোনো সুযোগ থাকে না। উপরন্তু কোনো দরপত্র আহবানের পূর্বে বারিত ছিল না তবে দরপত্র মূল্যায়নকালীন কোনো দরপত্রদাতা কোনো ক্রয়কারী কর্তৃক বারিত হয়েছে এরূপ দরপত্রদাতাও উক্ত চলমান বা ভবিষ্যতে প্রক্রিয়াযোগ্য সকল দরপত্রে অংশগ্রহণের ক্ষেত্রে বিধি ১৪৯(৮) অনুযায়ী অযোগ্য মর্মে বিবেচিত হবে।

০২। সরকারি ক্রয়ের আইনি কাঠামোতে উপর্যুক্ত বিধান সত্ত্বেও সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, কোনো কোনো দরপত্র মূল্যায়ন কমিটি (TEC) উল্লিখিত বিধানের ব্যত্যয়ক্রমে কোনো বারিত দরপত্রদাতাকে চুক্তি সম্পাদনের জন্য সুপারিশ করছে এবং উক্ত সুপারিশ অনুমোদনের পরে দরপত্রদাতার সংগে চুক্তিও সম্পাদন করা হচ্ছে। এ ধরনের কার্যক্রম সরকারি ক্রয় আইন ও বিধিমালার সুস্পষ্ট লংঘন হিসেবে বিবেচ্য।

০৩। উল্লেখ্য, পিপিআর ২০২৬-এর বিধি ১১৮(১৭) এর বিধান অনুযায়ী কোনো দরপত্রদাতা তার আইনি যোগ্যতা প্রমাণ করতে ব্যর্থ হলে উক্ত দরপত্রদাতার দরপত্র মূল্যায়নের অযোগ্য হবে মর্মে উল্লেখ আছে।

০৪। উপর্যুক্ত প্রেক্ষাপটে বিধি ৬৫-এর উপ-বিধি (২)-এর দফা (ঘ) মোতাবেক কোনো দরপত্রদাতা কোনো ক্রয়কারী কর্তৃক বারিত কি-না তা নিশ্চিত হওয়ার জন্য ই-জিপি সিস্টেমে দরপত্র মূল্যায়নকালে মূল্যায়ন কমিটিকে ই-জিপি সিস্টেমে প্রদর্শিত Debarment ট্যাব থেকে অনলাইন (ই-জিপি) এবং উক্ত সিস্টেমে প্রদর্শিত 'Evaluation' ট্যাবের আওতায় 'Debarment status from BPPA website' তালিকার 'View' লিংকের মাধ্যমে বিপিপিএ-এর ওয়েবসাইট (https://bppa.gov.bd/debarment/debarment-list.html) থেকে অফলাইনে Debarment List পর্যালোচনা করে দরপত্রদাতার হালনাগাদ তথ্য বাধ্যতামূলকভাবে যাচাই করতে হবে এবং অংশগ্রহণকারী কোনো দরপত্রদাতা অফলাইনে বা অনলাইনে বারিত থাকলে মূল্যায়ন প্রতিবেদনে তা উল্লেখ করতে হবে। কোনো দরপত্রদাতা ই-জিপি বা অফলাইনে বারিত হলে ই-জিপি এবং অফলাইন উভয় ক্ষেত্রেই তিনি বারিত (Debarred) হিসেবে গণ্য হবেন।

০৫। এমতাবস্থায়, সংশ্লিষ্ট সকল ক্রয়কারী এবং দরপত্র মূল্যায়ন কমিটির সদস্যগণকে দরপত্র মূল্যায়নের ক্ষেত্রে উল্লিখিত বারিতকরণসংশ্লিষ্ট আইনি বিধান ও নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণের জন্য অনুরোধ করা হলো।

১৫/১১/২০২৬

(আবু সাঈদ মোঃ কামরুজ্জামান *এনডিসি*)
প্রধান নির্বাহী কর্মকর্তা (সচিব)
বাংলাদেশ পাবলিক প্রকিউরমেন্ট অথরিটি (বিপিপিএ)

পরবর্তী পৃষ্ঠা সদয় দ্রষ্টব্য

(পূর্ববর্তী পৃষ্ঠার পর)

বিতরণ: জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।

২. সিনিয়র সচিব/সচিব .....মন্ত্রণালয়/বিভাগ (সকল)।

৩. সদস্য, পরিকল্পনা কমিশন, ...শের-ই-বাংলা নগর, ঢাকা।

৪. চেয়ারম্যান/প্রধান প্রকৌশলী/মহাপরিচালক/সংস্থা প্রধান (সকল) (তার অধীন সকল ক্রয়কারীকে অবহিতকরণের অনুরোধসহ)

.....

নং:-২১.০০.০০০০.০০০.৩৬৩.২২.০০৩০.২৪-৬৮

তারিখ: ৩০ কার্তিক ১৪৩৩ বঙ্গাব্দ / ১৫ নভেম্বর ২০২৬ খ্রিষ্টাব্দ

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা (মন্ত্রী/বিপিপিএ পরিচালনা পর্ষদের সভাপতি মহোদয়কে সদয় অবহিতকরণের অনুরোধসহ);

২. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা (মন্ত্রী/বিপিপিএ পরিচালনা পর্ষদের সিনিয়র সহসভাপতি মহোদয়কে সদয় অবহিতকরণের অনুরোধসহ);

৩. সচিবের একান্ত সচিব, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা (সচিব/বিপিপিএ পরিচালনা পর্ষদের সহসভাপতি মহোদয়কে সদয় অবহিতকরণের অনুরোধসহ);

৪. প্রধান নির্বাহী কর্মকর্তা (সচিব)-এর ব্যক্তিগত কর্মকর্তা, বিপিপিএ, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭;

৫. অফিস কপি।

১৫.১১.২০২৬

(শাহ ইয়ামিন উল ইসলাম)
পরিচালক (উপসচিব)
ফোন:- ০২-৪৮১১৯৩৯৯